

বিধি লঙ্ঘন ৥ গুণবতী উচ্চ বিদ্যালয়ের তিন শিক্ষকের নিয়োগ বাতিল

স্টাফ রিপোর্টার ৥ বিধি লঙ্ঘনের মাধ্যমে নিয়োগ দেয়ায় কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলাধীন গুণবতী উচ্চ বিদ্যালয়ের তিন শিক্ষকের নিয়োগ বাতিল করা হয়েছে। এর আগে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের এক তদন্তে অনিয়ম ও বিধি লঙ্ঘনের অভিযোগ প্রমাণিত হয়।

যেঁজ নিয়ে জানা যায়, গুণবতী উচ্চ বিদ্যালয়ের তিনটি শূন্য পদে শিক্ষক নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয় চলতি বছরের ৭ জানুয়ারি। এর প্রেক্ষিতে মোট ১০ জন আগ্রহী প্রার্থী আবেদন করেন। এঁদের মধ্যে ৫ জন ছিলেন পুরুষ এবং ৫ জন মহিলা। মহিলাদের মধ্যে রৌশন জামিল লায়লা নামের একজন ছিলেন যিনি শিক্ষকতা বিষয়ে প্রমোট ফেলো। সরকারী বিধি মোতাবেক ৩০ শতাংশ মহিলা কেটায় অন্তত একজন মহিলাকে নিয়োগ দেয়ার কথা। কিন্তু এক্ষেত্রে কোন ফেলো থাকলে নীতিমালা অনুযায়ী তাঁকে অগ্রাধিকার দিতে হবে। কিন্তু এসব নিয়ম ও বিধি লঙ্ঘন করে বিদ্যালয় কর্তৃপক্ষ তিনটি পদই পূরণ করে পুরুষ প্রার্থীদের দিয়ে।

পরবর্তীতে রৌশন জামিল লায়লা এই অনিয়ম ও দুর্নীতির বিরুদ্ধে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও প্রমোট এর প্রকল্প পরিচালকের কাছে অভিযোগ দায়ের করেন। এর প্রেক্ষিতে শুরু হয় তদন্ত। দীর্ঘ তদন্ত শেষে অভিযোগ সত্য বলে প্রমাণিত হয়। এ কারণে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালকের দফতর থেকে গত ৩ নবেম্বর জারিকৃত এক আদেশে ওই ৩ শিক্ষকের নিয়োগ বাতিল ঘোষণা করা হয়।